

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
শৃঙ্খলা অধিশাখা  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)

নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০১৭.২৬-৪৪৬

তারিখঃ ২১.০৪.২০২৬খ্রি.

**প্রজ্ঞাপন**

যেহেতু ডা. মো: ওয়াহিদুর রহমান (১৪৩৬৯১), সহকারী সার্জন, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংযুক্ত: ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা) এর বিরুদ্ধে গত ০৭.০৪.২০২৪ হতে ১৭.১১.২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ পাওয়া যায়;

যেহেতু এ পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে স্বাস্থ্য সেবা বিভাগের ১৬.০২.২০২৬ খ্রি. তারিখের ১৭৩ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী অসদাচরণ ও পলায়নের দায়ে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু গত ০১.০৪.২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু পারিবারিক বিভিন্ন সমস্যার কারণে উক্ত সময়ে কর্মস্থলে অনুপস্থিত থাকার বিষয়টি বিবেচনাযোগ্য নয়;


যেহেতু সংশ্লিষ্ট কর্মকর্তার জবাব সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয়;

যেহেতু তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু ডা. মো: ওয়াহিদুর রহমান (১৪৩৬৯১)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ক) অনুসারে তিরস্কার লঘুদণ্ড প্রদান করা হলো। একইসঙ্গে, ০৭.০৪.২০২৪ হতে ১৭.১১.২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত পূর্ণ গড় বেতনে মোট ১২৯ দিন এবং অর্ধ গড় বেতনে মোট ১১৮ দিন অর্জিত ছুটি এবং অবশিষ্ট দিনগুলো বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো। চলমান এ বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
(মোঃ কামরুজ্জামান চৌধুরী)  
সচিব


নং- ৪৫.০০.০০০০.১২২.২৭.০১৭.২৬-৪৪৬/১(১৫)

তারিখঃ ২১.০৪.২০২৬খ্রি.

**সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। যুগ্মসচিব (পারসোনেল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। উপসচিব/সিনিয়র সহকারী সচিব (পার-১/২/৩), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। পরিচালক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা

- ৫। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৬। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকা
- ৭। উপ-পরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট চিকিৎসকের ব্যক্তিগত ফাইলে এন্ট্রিসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)
- ৮। সিভিল সার্জন, ঢাকা
- ৯। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১০। ডা. মো: ওয়াহিদুর রহমান (১৪৩৬৯১), সহকারী সার্জন, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংযুক্ত: ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা)
- ১১। চিফ অ্যাকাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সেগুনবাগিচা, ঢাকা
- ১২। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৩। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১৪। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১৫। অফিস কপি

  
১৪/০৫/২৭  
(শাকির ইকবাল)

যুগ্মসচিব

ফোনঃ ৫৫১০১০২৮

[disc@hds.gov.bd](mailto:disc@hds.gov.bd)